



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেডপিপল্‌স ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৩ ডিসেম্বর ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

সচিব ও নুতন কুমার চাকমার মনোনয়ন বাতিলের সিদ্ধান্তে ষড়যন্ত্রমূলক : ইউপিডিএফ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর কেন্দ্রীয় কমিটির সদস্য ও খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সংগঠক উজ্জ্বল স্মৃতি চাকমা আজ সোমবার, ৩ ডিসেম্বর ২০১৮ সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ২৯৮ নং খাগড়াছড়ি আসনে ইউপিডিএফ-সমর্থিত স্বতন্ত্র প্রার্থী সচিব চাকমা ও নুতন কুমার চাকমার মনোনয়ন বাতিলের সিদ্ধান্তকে ষড়যন্ত্রমূলক, পক্ষপাতদুষ্ট ও অযৌক্তিক বলে অভিহিত করেছেন।

বিবৃতিতে তিনি অভিযোগ করে আরো বলেন, ইউপিডিএফকে নির্বাচন থেকে দূরে রাখতে ও একটি বিশেষ দলের প্রার্থীকে বিগত দশম সংসদ নির্বাচনের মতো ছলে বলে কৌশলে জয়যুক্ত করতে একটি বিশেষ মহলের ইঙ্গিতে ঠুনকো ও মিথ্যা অজুহাত দেখিয়ে উক্ত সিদ্ধান্ত নেয়া হয়েছে।

ইউপিডিএফ নেতা জনগণকে উক্ত বিশেষ মহলের গণবিরোধী ষড়যন্ত্র সম্পর্কে সচেতন ও সতর্ক থাকার আহ্বান জানিয়ে বলেন, আসন্ন নির্বাচনকে পার্বত্য চট্টগ্রামের বৃহত্তর আন্দোলনের অংশ হিসেবে বিবেচনা করে বিজয়ের জন্য অবশ্যই সর্বাত্মক প্রচেষ্টা চালাতে হবে।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।